

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৭.৩৪.০০৭.১৮-

১৫০০৭

তারিখঃ

০৭/০৭/২০২০
২২/০৭/২০২০ খ্রি:


বিষয়ঃ বৈদ্যুতিক সাবস্টেশনের অনাপত্তি ছাড়পত্র প্রদান প্রসংগে।

বরাতঃ ক) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন- ২০০৩।
খ) বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড-২০০৬।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০১/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে বৈদ্যুতিক সাবস্টেশনের অনাপত্তি ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে নিম্ন বর্ণিত বিষয় সমূহ বিবেচনা করা হবেঃ

১. ২০ মিটার বা ০৬ (ছয়) তলা বা তদনিম্ন আবাসিক (A-1, A-2 অকুপেন্সি) ভবনের ক্ষেত্রে আলাদাভাবে বৈদ্যুতিক সাবস্টেশনের অনুমোদন নিতে হবে।
২. ২০ মিটারের উর্ধ্বে বা ০৭ (সাত) তলা বা তদুর্ধ্ব বহুতল ভবনের (BNBC-২০০৬ এ উল্লেখিত সকল অকুপেন্সি টাইপ) ক্ষেত্রে ফায়ার সেফটি প্ল্যান অনুমোদনকালে বৈদ্যুতিক সাবস্টেশন অন্তর্ভুক্ত করে ফায়ার সেফটি প্ল্যানের অনাপত্তি ছাড়পত্র গ্রহণ করতে হবে।
৩. আবাসিক ভবন ব্যতীত শিল্প কারখানা/বাণিজ্যিক ভবন/হাসপাতাল সহ (BNBC-২০০৬ এ উল্লেখিত সকল অকুপেন্সি টাইপ) সকল ভবনের ক্ষেত্রে ফায়ার সেফটি প্ল্যান অনুমোদনকালে বৈদ্যুতিক সাবস্টেশন অন্তর্ভুক্ত করে ফায়ার সেফটি প্ল্যানের অনাপত্তি ছাড়পত্র গ্রহণ করতে হবে।
৪. ২০ মিটারের উর্ধ্বে বা ০৭ (সাত) তলা বা তদুর্ধ্ব বহুতল ভবনের ফায়ার সেফটি প্ল্যান এর নকশায় পৃথক একটি পাতায় বৈদ্যুতিক সাবস্টেশন এর সেফটি নকশা বড় আকারে (Enlargement, not to scale) এ সংযুক্ত করতে হবে।
৫. ফায়ার সেফটি প্ল্যান এর আবেদনের সাথে বৈদ্যুতিক সাবস্টেশনের অনাপত্তির জন্য নির্ধারিত আবেদনপত্রটি পূরণ করে সংযুক্ত করে দিতে হবে।
৬. বৈদ্যুতিক সাবস্টেশনের আবেদন ফর্মটি অসম্পূর্ণ থাকলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।
৭. উপরোক্ত বিষয় সমূহ প্রস্তাবিত ও বিদ্যমান ভবনের ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান/ফায়ার সেফটি প্ল্যান প্রস্তুত করার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

সংযুক্তঃ ১) আবেদন ফর্মের নমুনা কপি।


২২/০৭/২০২০

লেঃ কর্ণেল জিল্লুর রহমান, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

বিতরণ সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। ফোকাল পয়েন্ট, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।